

## প্রশ্নপত্রে বিতর্কিত ব্যক্তিকে ভাষাসৈনিক উল্লেখ ব্রাহ্মণবাড়িয়ায় শিক্ষাসচিবসহ সাতজনের বিরুদ্ধে মামলা

**প্রতিমিথি, ব্রাহ্মণবাড়িয়া**

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চান্দুরা ইউনিয়নের দাউদপুর উচ্চবিদ্যালয়ের এসএসসির নির্বাচনী পরীক্ষার সূজনশীল প্রশ্নপত্রে স্থানীয় এক বিতর্কিত ব্যক্তিকে ভাষাসৈনিক হিসেবে উল্লেখ করার শিক্ষাসচিবসহ সাতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

গত বুধবার ইতিহাস বিকৃতির দায়ে ব্রাহ্মণবাড়িয়া সদর সিনিয়র সহকারী জজ আদালতে এ মামলা করা হয়। এদিকে ইতিহাস বিকৃতির ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

মামলার বিবাদীরা হলেন- শিক্ষা মহাপ্রদায়কের সচিব, শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, কুমিল্লা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ব্রাহ্মণবাড়িয়া জেলা শিক্ষা অফিসার, বিজয়নগর উপজেলা শিক্ষা অফিসার, দাউদপুর উচ্চবিদ্যালয় প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক।

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মৃগাল চৌধুরী মিটন, স্থানীয় সাংসাহিক ভিত্তাস বাণীর প্রধান সম্পাদক মো. আল-আমীন ও বিজয়নগর উপজেলার চান্দুরার মুক্ত সূর্যেন্দ্র চন্দ্র রায়ের পুত্র সোহান রায় চৌধুরী বাণী হয়ে গত বুধবার এই মামলা দায়ের করেন। মামলার পরিশ্রেণিকিতে সিনিয়র সহকারী জজ রোজিনা বেগম খান তনসি শেষে সব বিবাদীকে আগামী ৩১ অক্টোবর বক্তব্য দাখিলের জন্য সমন জারির আদেশ দিয়েছেন।

মামলা সূত্রে জানা যায়, গত ৬ অক্টোবর অনুষ্ঠিত দাউদপুর উচ্চবিদ্যালয়ের বাংলা প্রথমপত্রের (সূজনশীল) প্রশ্নে স্থানীয় বিতর্কিত ব্যক্তি 'পাইকপাড়া গ্রামের আলাই চৌধুরী একজন ভাষাসৈনিক। মাতৃ ভাষার মর্যাদা রক্ষায় তিনি রাজপথে আন্দোলন করেছিলেন। এখন তিনি বৃদ্ধ। তার নাতনি শিও চৌধুরী দাউদপুর উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী।' প্রশ্নকারে ছাপিয়ে কোমলমতি শিক্ষার্থীদের ভাষা আন্দোলনের সঠিক ইতিহাস চর্চা থেকে বঞ্চিত করেছে। একই সঙ্গে ভাষা আন্দোলনের ইতিহাস বিকৃত করে ছুল কর্তৃপক্ষ বেআইনি কাজ করেছে। তাই বাদীরা এ ব্যাপারে ইতিহাস বিকৃতিরোধে ঘোষণা পাওয়ার জন্য এই মামলা দায়ের করেন।

এ ব্যাপারে দাউদপুর উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাপ্রবু ভৌমিক বলেন, সূজনশীল প্রশ্নপত্রে আলাই মিয়াকে ভাষাসৈনিক উল্লেখ করা হয়েছে। তিনি ভাষাসৈনিক ছিলেন না। এলাকাবাসী বলেছেন তিনি বিতর্কিত ব্যক্তি। এই প্রশ্নপত্র করাটা আমাদের জুল হয়েছে।

এ ব্যাপারে চান্দুরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শামীউল হক চৌধুরী বলেন, ইতিহাস বিকৃতি করতে পূর্বপন্থিকভাবে এই প্রশ্নপত্র তৈরি করা হয়েছে। তিনি অভিযুক্ত শিক্ষকদের বিচার দাবি করেন। তিনি বলেন আলাই মিয়া এলাকার বিতর্কিত ব্যক্তি ছিলেন।